






## উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা

সভার স্থান: উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ২০/০২/২০২৩ ইং সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

ক্রমিক নং	উপস্থিতির নাম ও পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, সভাপতি	
০২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, সদস্য	
০৩	চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, সদস্য	
০৪	চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, সদস্য	
০৫	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী, সদস্য সচিব	

অদ্য ২০/০২/২০২৩ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। প্রাণিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রমঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। শীতকালীন রোগের প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে গবাদি প্রাণি ও হাঁস-মুরগির টিকা প্রদান কার্যক্রম চলছে। এ যাবত গবাদি প্রাণির ৩৮২০ মাত্রা ও হাঁস-মুরগির ৮০৩০০ মাত্রা টিকা প্রয়োগএবং ২৪৭২ টি গবাদি প্রাণির ও ২১৬০৮ হাঁস-মুরগির চিকিৎসা ৭২০টি কৃত্রিম প্রজনন, ৩০৪ টি সংকর জাতির বাছুর এ তথ্য সংগ্রহ ,২৭৮ জন সুফলভোগীর প্রশিক্ষণ , টিকা বীজের ২২৪৬০/-ও কৃত্রিম প্রজনন ফিসের ২১৮১০/- টাকা জমা করা হয়েছে।

উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সরিষাবাড়ী, জামালপুর জলাবদ্ধতা নিরসন এবং আগত সেবা গ্রহীতাগণের সেবা প্রাপ্তির সুবিধার জন্য উপজেলা পরিষদের এডিবি বরাদ্দ থেকে মাটি ভরাটের

প্রস্তাব রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। পরবর্তী উপজেলা পরিষদ মাসিক সভায় উত্থাপনের মাধ্যমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য চাষীদের পরামর্শ সেবা প্রদান এবং চাষী প্রশিক্ষণ চলমান রয়েছে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
সভাপতি

জেলা আঞ্চলিক  
মহিলাভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং- ৩৩.০২.৩৯৮৫. ৫০১.৬৩.০০১.২২.২৪ /১(৭)  
অনুলিপি সদয় জ্ঞাতার্থে -

তারিখঃ ২০/০২/২০২৩ খ্রি।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৪। চেয়ারম্যান, সাতপোয়া/আওনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৫। অফিস নথি।

  
(সুতর্পা ভট্টাচার্য্য)  
সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি  
ও  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
সরিষাবাড়ী, জামালপুর।